



ফিল্স ২১ - অন্তর্ভুক্তিমূলক ও টেকসই প্রবৃদ্ধির জন্য

নাগরিক ক্ষমতায়ন

এক নজরে

বাস্তবায়নকারী মন্ত্রণালয়: শিক্ষা মন্ত্রণালয়

অংশীদারসমূহ:

বাংলাদেশ সরকার

- শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
- চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল সচিবালয়
- কারিগরি শিক্ষা অধিদপ্তর
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
- জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ বুরো

নিয়োগকারীদের সংগঠন

- বাংলাদেশ এমপ্লায়ার্স ফেডারেশন

শ্রমিকদের সংগঠন

- ন্যাশনাল কোঅর্ডিনেশন কাউন্সিল ফর ওয়ার্কার্স
এডুকেশন

উন্নয়ন অংশীদার: ইউরোপিয়ান ইউনিয়ন

সময়কাল: জানুয়ারি ২০১৭ - ডিসেম্বর ২০২১

ভৌগোলিক অবস্থান: বাংলাদেশ

পটভূমিকা

প্রতিবছর প্রায় ২০ লাখের মত মানুষ বাংলাদেশের শ্রমশক্তিতে প্রবেশ করছে। কিন্তু সে তুলনায় দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা সীমাবদ্ধ। এজন্য শ্রমবাজারের চাহিদা মেটানোর জন্য বিপুল সংখ্যক মানুষকে দক্ষ এবং বাঢ়িত দক্ষতা প্রদানে সক্ষম এমন যথার্থ ও মানসম্পন্ন কারিগরি শিক্ষা প্রদানে দেশকে সহায়তা করা একটি অতি প্রয়োজনীয় ব্যাপার হয়ে দাঁড়িয়েছে।

এজন্য প্রয়োজন যোগ্যতাসম্পন্ন শিক্ষক ও মাননিয়ন্ত্রক, হালনাগাদ প্রাতিষ্ঠানিক সুযোগ-সুবিধা এবং বাজারমুখী ও যোগ্যতাভিত্তিক অন্তর্ভুক্তিমূলক দক্ষতা ব্যবস্থা। এই ধাপগুলো শ্রম উৎপাদনশীলতা বৃদ্ধি এবং শিল্পায়ন, বাণিজ্য ও অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ইউ-এর অর্থায়নে আইএলও-এর বাস্তবায়িত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সংস্কার (TVET) প্রকল্প সফলভাবে আনুষ্ঠানিক TVET সিস্টেমে সংস্কারকাজ বাস্তবায়িত করেছে এবং বাংলাদেশে জাতীয় দক্ষতা উন্নয়ন ব্যবস্থা (NSDS)-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেছে। তথাপি দেশের ক্রমবর্ধমান শ্রমশক্তির প্রয়োজনের কথা বিবেচনা করে অংশীদারদের এই সিস্টেমটিকে আরও শক্তিশালী, উন্নীত, গ্রহণ/ধারণ এবং অনুকরণ করা উচিত।

আইএলও বাংলাদেশ কান্ট্রি অফিস

বাড়ি # সিইএন (বি) ১৬ (দ্বিতীয় তলা), রোড ১৯

গুলশান -২, ঢাকা ১২১২

ফোন: +৮৮ ০২ ৮৮৮১৮৬৭, ৮৮৮১৮২৫, ফ্যাক্স: +৮৮ ০২ ৮৮৮

ইমেইল: dhaka@ilo.org

কার্যক্রম

এই প্রকল্পটি পরবর্তী অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়গুলো নিয়ে চলমান প্রকল্পসমূহের অর্জনকে সামনে এগিয়ে নিয়ে যাবে, বিশেষতঃ

- একটি জাতীয় যোগ্যতা কাঠামো (NQF) তৈরী করার পাশাপাশি ক্রমাগত TVET/দক্ষতা উন্নয়ন ব্যবস্থার মান উন্নয়ন এবং এর শক্তিশালীকরণ যার মাধ্যমে প্রাথমিক, মাধ্যমিক, কারিগরি এবং উচ্চশিক্ষাক্ষেত্রে যোগ্যতা নিরূপণের ক্ষেত্রে সময়সূচিত সাধন নিশ্চিত হবে।

- TVET/দক্ষতা উন্নয়ন খাতে সেক্টর ওয়াইড এপ্রোচ (SWAP)-এর প্রতিক্রিয়া এবং এর উপাদানসমূহের বিকাশসহ TVET/দক্ষতা উন্নয়ন ব্যবস্থার উন্নত পরিচালনা ও ব্যবস্থাপনার মাধ্যমে অধিক অনুকূল আইন প্রণয়ন সংক্রান্ত, নিয়ন্ত্রক এবং প্রাতিষ্ঠানিক পরিবেশ স্থাপন করা।

- অন্তর্ভুক্তিমূলক, পরিবেশ সচেতন, মানসম্মত এবং শ্রমবাজারমুখী দক্ষতা উন্নয়নের জন্য আদর্শ TVET প্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধিকরণের মাধ্যমে TVET/দক্ষতা উন্নয়ন ব্যবস্থায় প্রবেশগ্রাম্যতা এবং সমতাবিধান নিশ্চিত করা।

চাহিদাভিত্তিক শিক্ষাব্যবস্থা ও প্রশিক্ষণ কার্যক্রম উন্নয়ন এবং এর বাস্তবায়নে বিভিন্ন প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রদানকারীদের মধ্যে সুসম্পর্ক বজায়ে সহায়তা প্রদানের লক্ষ্যে ও এই প্রকল্পটি কাজ করবে।



ফিল্স ২১ প্রকল্পটি বাংলাদেশের অর্থনীতিতে শ্রম অভিবাসনের গুরুত্বের কথা বিবেচনা করে অভিবাসনের প্রতি জোর প্রদানপূর্বক দক্ষতা উন্নয়ন ব্যবস্থায় এর অন্তর্ভুক্তির জন্য পর্যাপ্ত সুযোগ সৃষ্টিতে সহায়তা প্রদান করবে এবং ফেরত আসা অভিবাসীদের সমাজে পুনর্বাসনের লক্ষ্যে তাদেরকে দক্ষ হিসেবে গড়ে তোলা এবং এবং অভিবাসনে ইচ্ছুক জনগোষ্ঠীর ভাল পারিশ্রমিকের বিনিময়ে চাকরি পাওয়ার নিশ্চয়তা-এ সংক্রান্ত নীতিমালার বাস্তবায়নে সহায়তা প্রদান করবে।

অধিকস্তুতি, এই প্রকল্পটি সবুজ শিল্পকারখানায় সৃষ্টি নতুন পেশাসমূহের জন্য দক্ষতা তৈরী এবং সামগ্রিক জাতীয় দক্ষতা উন্নয়ন ব্যবস্থায় টেকসই পরিবেশের ধারণাটিকে মূলধারায় নিয়ে আসার মাধ্যমে আরও সবুজ এবং টেকসই অর্থনীতিতে রূপান্তর প্রক্রিয়ার পথ সুগম করবে।